সাবেক অর্থমন্ত্রীর মৃত্যুতে সিলেট জেলা ও মহানগর ছাত্রলীগের শোক

চেম্বার ডেস্ক:: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক অর্থমন্ত্রী, সিলেট-১ আসনের সাবেক সংসদ সদস্য, সিলেটের কৃতি সন্তান আবুল মাল আব্দুল মুহিত মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)।

শুক্রবার দিবাগত রাত ১ ঘটিকার দিকে ঢাকার একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন সিলেট জেলা ও মহানগর ছাত্রলীগের নেতৃবৃন্দ।

প্রবীন এই নেতার মৃত্যুতে শোক জানিয়েছেন সিলেট জেলা ছাত্রলীগের সভাপতি নাজমুল ইসলাম, সাধারণ সম্পাদক রাহেল সিরাজ,মহানগর ছাত্রলীগের সভাপতি কিশোয়ার জাহান সৌরভ ও সাধারণ সম্পাদক মোঃ নাইম আহমদ।

এক শোক বার্তায় নেতৃবৃন্দ বলেন, দেশবরেণ্য অর্থনীতিবীদ, ভাষা সৈনিক আবুল মাল আব্দুল মুহিত ছিলেন দেশের এক গর্বিত সন্তান। তিনি ছিলেন আলোকিত সিলেট এর স্বপ্নদ্রষ্টা এবং বৃহত্তর সিলেটের অভিভাবক।

পরিচ্ছন্ন রাজনীতিবিদ হিসেবে সারাদেশে তিনি ছিলেন সর্বজন শ্রদ্ধেয়। তাঁর মৃত্যুতে জাতি আজ এক অপূরণীয় ক্ষতির সম্মুখীন হলো।

শোক বার্তায় নেতৃবৃন্দ সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিতের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।